

উপজেলা পরিষদ কার্যালয়

সোনাতলা, বগুড়া

জুন- ২০২২ মাসের উপজেলা পরিষদের মাসিক সভার কার্যবিবরণী :

অধিবেশন: ০৪

সভাপতি	: জনাব মোঃ মিনহাদুজ্জামান লীটন চেয়ারম্যান, উপজেলা পরিষদ, সোনাতলা, বগুড়া।
স্থান	: উপজেলা পরিষদ মিলেনিয়াম হল।
তারিখ	: ১৬ জুন ২০২২ খ্রি।
সময়	: বেলা- ১১.০০ ঘটিকা
সভার উপস্থিতি	: পরিশিষ্ট "ক"

সভায় উপস্থিত সকলকে সভাপতি মহোদয় ধন্যবাদ জানিয়ে সভার কাজ আরম্ভ করে উপজেলা নির্বাহী অফিসার, সোনাতলা, বগুড়াকে সভা পরিচালনার জন্য অনুরোধ জানান। উপজেলা নির্বাহী অফিসার গত সভার কার্যবিবরণী সভায় পাঠ করে শুনান। অতঃপর কোন সংশোধনী না থাকায় উক্ত কার্যবিবরণী দৃঢ়করণ করা হয়। অতঃপর সভায় আলোচ্যসূচি অনুযায়ী বিভাগওয়ারী আলোচনাতে সর্বসমতিক্রমে নিম্নবর্ণিত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়।

ক্রম	আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়নে
০১	<p>উপজেলা স্বাস্থ্য ও পঃ পঃ অফিস : উপজেলা স্বাস্থ্য ও পঃ পঃ কর্মকর্তা সভায় জানান যে, জুন/২০২২ মাসে অন্তঃ বিভাগে ভর্তি রোগীর সংখ্যা-৩২৩ জন এবং ৯০ জন গর্ভবতী মার এর মধ্যে ৩৬ জনকে স্বাভাবিক প্রসব (নরমাল ডেলিভেরী) এবং জুন/২০২২ মাসে ১৫ জনকে ইসিজি করানো হয়েছে। জুন/২০২২ মাসে জরুরী বিভাগে চিকিৎসা সেবা প্রদানকৃত রোগীর সংখ্যা-৩৯৮৮ জন, বর্হি বিভাগে চিকিৎসা সেবা প্রদানকৃত রোগীর সংখ্যা- ৩৯৮৮ জন এবং এই মাসে ৯০ জন মাকে এপ্রিসি এবং ৫০ জন মাকে পিএনসি সেবা প্রদান করা হয়েছে। অত্র স্বাস্থ্য কমপ্লেক্সে ইপিআই কার্যক্রম নিয়মিত ভাবে চলছে এবং কার্যক্রমের মাধ্যমে ০-১১ মাস বয়সী সকল শিশুকে ১০টি রোগের টিকা দেওয়া হচ্ছে এবং ১৫-১৮ মাস বয়সী সকল শিশুকে হামের ২য় ডোজ টিকা এবং ১৫-৪৯ বৎসর বয়সী সকল মহিলাকে ৫ ডোজ টিটি টিকা দেওয়া হয়েছে। টিটি টিকা প্রাপ্তি মোট গর্ভবতী মহিলা- ১২১ জন ও সাধারণ মহিলা- ৭৮৮ জন। বিসিজি টিকা প্রাপ্তি মোট শিশু-৪১৩ জন পেন্টা ১,২,৩ ডোজ প্রাপ্তি মোট শিশুর সংখ্যা= ১২০০ জন। এম আর প্রথম ডোজ টিকা প্রাপ্তি মোট শিশুর সংখ্যা = ১২০০ জন। যক্ষ্মা নতুন সনাক্তকৃত রোগীর সংখ্যা পুরুষ-০০ জন, মহিলা-০১ জন মোট-০১ জন। চিকিৎসাধীন রোগীর সংখ্যা পুরুষ-০২ জন, মহিলা-০২ জন মোট-০৪ জন। কুষ্টা নতুন সনাক্তকৃত রোগীর সংখ্যা পুরুষ-০ জন, মহিলা-১ মোট-১। চিকিৎসাধীন রোগীর সংখ্যা পুরুষ-০২ জন, মহিলা-০২ জন মোট-০৪ জন। এক্স-রে মেশিন ও আলট্রাসনেগ্রাফী মেশিন সচল আছে। ২৬টি সিসিতে পুরুষ রোগীর সংখ্যা- ৪৯৭০ জন, মহিলা রোগীর সংখ্যা- ৯৯৩৯ জন, শিশু রোগীর সংখ্যা- ৯৩৯ জনকে চিকিৎসা সেবা দেয়া হয়েছে এবং সর্বমোট রোগীর সংখ্যা-১৬০৪৯ জন। কমিউনিটি ক্লিনিক হিতে উচ্চতর স্বাস্থ্য প্রতিষ্ঠানে রেফারকৃত রোগীর সংখ্যা-১৩০ জন, প্রসূতি রোগী-৭১ জন। এছাড়া অফিসের অন্যান্য কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে।</p>	<p>আগত রোগীদের মাঝে প্রয়োজনীয় সেবা নিশ্চিত করতে হবে এবং সিসিগ্লোতে পরিদর্শন কার্যক্রম বাড়াতে হবে।</p>	<p>উপজেলা স্বাস্থ্য ও পঃ পঃ কর্মকর্তা সেবা নিশ্চিত করতে হবে এবং সিসিগ্লোতে পরিদর্শন কার্যক্রম বাড়াতে হবে।</p>
০২	<p>উপজেলা কৃষি অফিস : সভায় উপজেলা কৃষি অফিসার জানান যে, কৃষি প্রগোদ্ধনা কর্মসূচির আওতায় ২০২১-২০২২ অর্থবছরে গ্রীষ্মকালীন পেঁয়াজ ফসলের ১০০ জন এবং রোপা আমন ফসলের ৭৫০ জন কৃষকের বরাদ্দ পাওয়া গিয়াছে। বীজ ও সার প্রাপ্তি সাপেক্ষে ক্ষুদ্র ও প্রাপ্তিক কৃষকের মাঝে বিনামূল্যে বিতরণ করা হবে। রবি মৌসুমে বোরো ধান কর্তৃন চুড়ান্ত হয়েছে। হাইব্রিড ৯১০ হেস্টের, ফলন হেস্টের প্রতি ৫.২৮৭ মেঃ টন, উফশী কর্তৃন হয়েছে ৯৪৫৪ হেস্টের, ফলন হেস্টের প্রতি ৩.৬৪৩ মেঃ টন এবং স্থানীয় কর্তৃন হয়েছে ১২০ হেস্টের, ফলন হেস্টের প্রতি ১.৯০১ মেঃ টন। আউশ আবাদ হয়েছে হাইব্রিড ৫০ হেস্টের, উফশী ৪৫০ হেস্টের। পাট আবাদ হয়েছে দেশী ২০ হেস্টের, তোষা -১৬৫০ হেস্টের, মরিচ ২০ হেস্টের, পেঁপে ১৫ হেস্টের, কলা ২২ হেস্টের, কাউন ১০ হেস্টের, তিল ০৬ হেস্টের, আদা ০৮ হেস্টের, হলুদ ২২ হেস্টের, বাঙ্গী ০১ হেস্টের, আখ ১৩ হেস্টের, এবং শাকসবজী আবাদ হয়েছে ১৮০ হেস্টের। আউশ রোপন চলছে। খরিপ-২ মৌসুমে রোপা আমন বীজতলার কাজ চলছে। বর্তমান মৌসুমে সার ও ডিজেলের পর্যাপ্ত মজুদ রয়েছে কোন সংকট নেই। দাঙ্গরিক অন্যান্য কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে।</p>	<p>ফসলের লক্ষ্যমাত্রা অনুযায়ী ফসল উৎপাদনে সকলকে মনোযোগী হয়ে কাজ করার জন্য অনুরোধ করা হয়।</p>	<p>উপজেলা কৃষি কর্মকর্তা, সোনাতলা, বগুড়া।</p>
০৩	<p>উপজেলা প্রাণিসম্পদ বিভাগঃ উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা সভায় জানান, অত্র উপজেলায় ক্ষুরা রোগ, বাদলা বা গলা ফুলার মত কোন সংক্রামন রোগের তথ্য নেই। খামার মালিকদের সবুজ ঘাস (নেপিয়ার, তুট্টা) চাষে উৎসাহিত ও সচেতন করা হচ্ছে। মাঠ পর্যায়ে জনবল কম তাই কোথাও কোন রোগের প্রাদুর্ভাব নজরে এলে দণ্ডরকে অবহিত করার জন্য উপস্থিত জন প্রতিনিধিদেরকে অনুরোধ করেন। দাঙ্গরিক অন্যান্য কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে।</p> <p>আলোচ্য মাসে :</p>		

১। উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা,
সোনাতলা, বগুড়া।